দৈনিক ইত্তেফাক

তারিখ 10-III-1996
পৃষ্ঠা ৩ কলাম ৩

৩।

## পুস্তক প্রকাশনা সমস্যা সমাধানে সংস্কৃতি প্রতিমন্ত্রীর আশ্বাস

ঢাকাস্থ জাতীয় ক্রীড়া পরিষদে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতিভুক্ত সৃজনশীল প্রকাশকদের এক প্রতিনিধিদল যুব ও ক্রীড়া এবং সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী ওবায়দুল কাদেরের সংগে গত রবিবার সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তাহারা দেশের পুস্তক প্রকাশনার ক্ষেত্রে বিরাজমান বিভিন্ন সমস্যা নিয়া প্রতিমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন। ওবায়দুল কাদের পুস্তক প্রকাশনার ক্ষেত্রে বিদ্যমান

(৪র্থ পৃঃ দ্রঃ)

## পুস্তক প্রকাশনা সমস্যা

(৩য় পৃঃ পর)

সমস্যা সমাধানে প্রতিনিধি দলকে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন। সাক্ষাৎকালে প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে সমিতির কেন্দ্রীয় কমিটির পরিচালক ও মেলা ষ্ট্যাণ্ডিং কমিটির সম্পাদক মিলন নাথ, সমিতির সৃজনশীল ষ্ট্যাণ্ডিং কমিটির সম্পাদক ওসমান গনি এবং কেন্দ্রীয় কমিটির পরিচালক এ, কে, নাছির আহমেদ উপস্থিত ছিলেন। —তথ্য বিবরণী